



স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.৩১৩.০০০.২৫.২৮৬.০৭.৯৭১

তারিখ: ১০ কার্তিক ১৪৩৩
২৬ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

এই মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) বিধিমালা ১৯৯৭ (সংশোধিত-২০০৮) এর বিধি ১৪(৪) মোতাবেক লাইসেন্সের মেয়াদ ০১ (এক) বৎসর এবং মেয়াদ শেষ হওয়ার ০১ (এক) মাস পূর্বে পুনরায় লাইসেন্স নবায়নের জন্য আবেদন করার নির্দেশনা রয়েছে। এ নির্দেশনার প্রেক্ষিতে, উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, মৎস্য অধিদপ্তর, খুলনার নিয়ন্ত্রনাধীন নিম্নোক্ত সকল প্রতিষ্ঠানকে মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ বিধিমালার সংশ্লিষ্ট তফশিল অনুসরণপূর্বক আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


(১) মৎস্য প্রক্রিয়াজাতকরণ কারখানা (২) ডিপো (৩) আড়ত (৪) বরফ কল (৫) মৎস্য অবতরণ কেন্দ্র (৬) প্যাকিং সেন্টার (৭) সরবরাহকারী (৮) কৌকড়া রপ্তানীকারক (৯) বায়িং এজেন্ট (১০) চিংড়ি খোসা/মৎস্য আইশ রপ্তানীকারক (১১) পিটুইটারী গ্লাভ (১২) হিমাগার/কোল্ড স্টোর (১৩) জীবন্ত মৎস্য (১৪) চিল্ড ফিস রপ্তানীকারক (১৫) নন-প্যাকার (১৬) কিউরড মৎস্য কারখানা/রপ্তানীকারক (১৭) আমদানীকারক নিবন্ধনকারী ইত্যাদি লাইসেন্স/নিবন্ধন নবায়ন।

২। এমতাবস্থায়, লাইসেন্স সমূহ ২০২৭ সালে নবায়নের নিমিত্ত আগামী ৩০ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ এর মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

- ১। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের হালনাগাদ প্রয়োজনীয় কাগজপত্র, ইস্যুকৃত লাইসেন্স এর মূলকপিসহ প্রদান।
- ২। মৎস্য প্রক্রিয়াজাতকরণ কারখানা/ডিপো/বরফকল/আড়তের লাইসেন্স নবায়নের ক্ষেত্রে পানির ভৌত (জীবানুতাত্ত্বিক) ও রাসায়নিক গুণাগুণ পরীক্ষার ফলাফল প্রদান।
- ৩। আবেদনের সহিত নবায়ন/ইস্যু ফি প্রাতিষ্ঠানিক কোড: ১২৩৭২০ উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, মৎস্য অধিদপ্তর, খুলনা, অর্থনৈতিক কোড নম্বর: ১৪২২১৯৯ ও ১৫% ভ্যাট এর অর্থনৈতিক কোড নম্বর: ১১৪১১০১ ট্রেজারী চালান সংযুক্ত করে জমা প্রদান (ব্যাংক জমা স্লিপসহ)। জমাকৃত চালানে কোন ধরণের লাইসেন্স (ইস্যু বা নবায়ন) করবেন তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।


মোঃ আশরাফুজ্জামান
পরিচিতি নম্বর: ০০২৪৭
উপপরিচালক

মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ
মৎস্য অধিদপ্তর, খুলনা


ইমেইল: mdfiqckhulna@fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.৩১৩.০০০.২৫.২৮৬.০৭.৯৭১/১(২৫০)

তারিখ: ১০ কার্তিক ১৪৩৩
২৬ অক্টোবর ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ৪। পরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা/বরিশাল বিভাগ, বরিশাল/রাজশাহী বিভাগ, রাজশাহী/রংপুর বিভাগ, রংপুর।
- ৫। জেলা মৎস্য কর্মকর্তা, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/নড়াইল/মাগুরা/পটুয়াখালী/পিরোজপুর (সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। ব্যবস্থাপক, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ৫নং স্কীডঘাট, খুলনা/বান্দরোড, বরিশাল/ পাথরঘাটা, বরিশাল।
- ৭। ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স এ্যাসোসিয়েশন, ২০, লোয়ার যশোর রোড, শ্রীম্প টাওয়ার, খুলনা (এ্যাসোসিয়েশন সকল সদস্যদের অবহিতকরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৮। সভাপতি/সম্পাদক, খুলনা চিংড়ি বণিক সমিতি, নতুন বাজার, খুলনা (এ্যাসোসিয়েশন সকল সদস্যদের অবহিতকরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৯। ব্যবস্থাপনা পরিচালক (সকল)/মালিক (ডিপো, আড়ত, বরফকল), ...
- ১০। সংশ্লিষ্ট নথি।


মোঃ আবুল হাসান
পরিচিতি নম্বর: ০০৪০৪
সিনিয়র সহকারী পরিচালক